

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বেশিরভাগই শিক্ষার নামে বাণিজ্য করছে : এইচটি ইমাম

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

প্রধানমন্ত্রীর উপদেষ্টা এইচ টি ইমাম বলেছেন, দেশকে এগিয়ে নিয়ে যাওয়া শুধু সরকারের একাধিক পক্ষে সম্ভব নয়। এজন্য বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে। দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে হাতেগোনা ২/৩টি ছাড়া বেশিরভাগই শিক্ষার নামে বাণিজ্য করছে। সেগুলো বিশ্ববিদ্যালয় নয়, ব্যবসা প্রতিষ্ঠান। সেগুলোকে আর যদি হোক বিশ্ববিদ্যালয় বলা যায় না। গতকাল দুপুরে নারায়ণগঞ্জের নবীগঞ্জে আতাউল তাহেরুন ইব্রাহিম বিশেষায়িত হাসপাতালের বহির্বিভাগের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সরকার কৃষি, স্বাস্থ্য, যোগাযোগ, শিক্ষা ও চিকিৎসাখাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি বলেন, আমরা আত্মকেন্দ্র

চিন্তা করছি না। এখন থেকে পরবর্তী ২০ বছর ৫০ বছরের কথা চিন্তা করব। কি রকম বাংলাদেশ আমরা গড়ে তুলতে চাই। যে ভবিষ্যতের কথা আমরা চিন্তা করছি ওই রকম বাংলাদেশ গড়ে উঠবে সবার সম্মিলিত প্রচেষ্টায়। এইচ টি ইমাম বলেন, প্রতিটি খানায় প্রচুর ধনী লোক রয়েছে। তাদের অচেনা সম্পদ থাকলেও দেশ ও মানবসেবায় এগিয়ে আসার তাদের মধ্যে মনোভাব তৈরি হচ্ছে না। তিনি বলেন, পৃথিবীর যে সমস্ত দেশ এগিয়ে গেছে তার পেছনে ব্যক্তি উদ্যোক্তাদের অবদান রয়েছে। তিনি আমেরিকার তুলনা করে বলেন, সেখানকার যত ভালো ভালো শিক্ষা প্রতিষ্ঠান ও ইন্সটিটিউট বেশিরভাগই ব্যক্তিগত উদ্যোগে হয়েছে। তাই ভালো কাজে সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি নারায়ণগঞ্জে একটি মেডিকেল কলেজ স্থাপনের আশ্বাস দেন।